FEB. 13 200
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# সরকার আলীয়া নেছাবের ৫শ' মাদ্রাসার অনুদান বন্ধ করেছে

**—ওলামা-মাশায়েখ কমিটি**

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** কেন্দ্রীয় ওলামা-মাশায়েখ কমিটির আহবায়ক মাওলানা আবুল কালাম মুহাম্মদ ইউসুফ বলেছেন, বর্তমান আওয়ামী লীগ সরকার ইসলামী আদর্শ ও মূল্যবোধ উৎখাত করার জন্য যে পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছে তার প্রথম পদক্ষেপ হিসেবে ক্ষমতায় এসেই সরকার আলীয়া নেছাবের ৫শ' মাদ্রাসার অনুদান বন্ধ করে দিয়েছে। আর দরসে নেজামির মাদ্রাসাগুলো যেহেতু সরকারের কোন অনুদান গ্রহণ করে না; সেহেতু তালেবানের ধূয়া তুলে মাদ্রাসার শিক্ষক ও ছাত্রদের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা দায়ের করে গ্রেফতার, নির্যাতন ও হয়রানি করে দরসে নেজামী লাইনের মাদ্রাসাগুলোকে বন্ধ করে দিয়ে দেশে ধর্মনিরপেক্ষ শিক্ষা ব্যবস্থা চালু করার লক্ষ্যেই আওয়ামী সরকার ষড়যন্ত্র শুরু করেছে।

তিনি গত ১০ ফেব্রুয়ারী নওগাঁ জেলা ওলামা-মাশায়েখ কমিটির উদ্যোগে নওগাঁ টাউন হলে ওলামা-মাশায়েখ সম্মেলনে উপরোক্ত বক্তব্য রাখছিলেন। এ সম্মেলনে দল-মত নির্বিশেষে বহু ওলামায়ে কেরাম অংশগ্রহণ করেন।